## নিরাপত্তা প্রহরীদের দায়িত্ব পালনের নির্দেশিকা

### সেক্টরঃ ঘ এবং ঙ

## করণীয়ঃ

১। আরপি গেইটে প্রবেশকারী সকল প্রকার যানবাহন ও ব্যক্তি পরিচয় নিশ্চিত করতে হবে।

২। অপরিচিত কোন ব্যক্তি ও যানবাহন কর্তৃপক্ষের অনুমতি ব্যতিত ইউনিটে প্রবেশ করবে না।

৩। কোন গোয়েন্দা সদস্য ইউনিটে প্রবেশ করার উদ্দেশ্যে আসলে বিষয়টি উপ-অধিনায়কের অনুমতিক্রমে ভিতরে প্রবেশ করতে পারবে।

৪। বহিরাগত বেসামরিক ব্যক্তি ইউনিটে প্রবেশের পূর্বে তাদের পূর্ণাঙ্গ পরিচয় নিশ্চিত করতঃ বার্তা লিপিবদ্ধ করে কর্তৃপক্ষের অনুমতিক্রমে প্রবেশ করিবে।

৫। সামরিক পোষাকে কেউ বাহিরে গেলে যথাযথ কারণ নিশ্চিত হওয়ার পর রেজিষ্টারে নাম লিপিবদ্ধ করতে হবে।

৬। বেসামরিক পোষাকে কোন সদস্য বাহিরে যাওয়ার সময় তার পরিচয়পত্র দৃশ্যমান থাকতে হবে ও লিভ কার্ড/মাসিক/দৈনিক শহর পাশ থাকতে হবে এবং রেজিষ্টারে নাম লিপিবদ্ধ করতে হবে।

৭। ১নং গেইট দিয়ে চলাচলরত সন্দেহজনক প্রতিটি ব্যক্তির ব্যাগ, লাগেজ চেক করতে হবে।

৮। স্বাভাবিকের অনুপস্থিতি এবং অস্বাভাবিকের উপস্থিতি কোন কিছু পরিলক্ষিত হলে সাথে সাথে কর্তৃপক্ষকে অবগত করতে হবে।

৯। ছুটিতে যাওয়ার সময় প্রত্যেক সৈনিকের ব্যক্তিগত শৃঙ্খলার মান যাচাই করতে হবে।

১০। আরপি কর্তৃক সর্বদা বাহির হতে আগত যানবাহনের সংখ্যা হালনাগাদ তথ্য হিসেবে রেজিষ্টারে লিপিবদ্ধ থাকবে।

১১। ১নং আরপি গেইটের বাহিরে অবস্থানরত আরপি ট্রেনের সিগন্যাল পরার পর সামরিক ব্যক্তিবর্গ রেলক্রসিং অতিক্রম করছে কিনা তা সর্বদা নজরদারী রাখবে।

১২। সেনাবাহিনী হতে অবাঞ্ছিত ব্যক্তিদের সেনানিবাসের ভিতরে প্রবেশ করানো যাবে না।

# অকরণীয়ঃ

১। ডিউটি চলাকালীন সময়ে মোবাইল ফোন ব্যবহার করা সম্পূর্ণ নিষেধ।

২। পরবর্তী ডিউটি না আসা পর্যন্ত পূর্ববর্তী ডিউটিরত ব্যক্তি পোষ্ট ত্যাগ করবে না।

৩। ডিউটি চলাকালীন সময়ে একে অপরের সাথে অপ্রয়োজনীয় কথা বার্তা বলবে না।

৪। কোন প্রকার ডেলিভারীম্যান ইউনিটে ভিতরে প্রবেশ করিবে না যদি একান্ত প্রয়োজন হয় তাহলে এ্যাডজুটেন্ট এর অনুমতিক্রমে প্রবেশ করিবে।

৫। ব্যক্তি, বস্তু ও তথ্যের নিরাপত্তার স্বার্থে ডিউটি চলাকালীন সময়ে গোয়েন্দা সংস্থার ব্যক্তিবর্গের সাথে গল্পে লিপ্ত হওয়া যাবে না।

৬। গেইট পাশ ব্যতিত বাহির হতে আগত বেসামরিক ব্যক্তিবর্গকে ইউনিটে প্রবেশ বা বাহির হতে দেওয়া যাবে না।

৭। ডিউটিকালীন সময়ে অপ্রয়োজনীয়/অসৈনিকসুলভ চলাফেরা করা যাবে না।

৮। নৈশকালীন ডিউটিরত অবস্থায় কোনোভাবেই তন্দ্রা/নিদ্রাচ্ছন্ন হওয়া যাবে না।

৯। গাড়ি ইন/আউটের সময় বেশি সময় ধরে গাড়ি দাড় করে রাখা যাবে না এবং গাড়ি রাস্তার পার্শ্বে রেখে কথা বলতে হবে।

১০। মিডিয়ার সদস্য কর্তৃপক্ষের অনুমতি ব্যতিত সেনানিবাসের ভিতরে প্রবেশ করবে না।

১১। একজন সৈনিকের সর্বক্ষেত্রে পেশা দারিত্বের মান সঠিক সময়ে প্রদর্শন না করা।

১২। দায়িত্বে অবহেলা করা এবং ব্যক্তিগত শৃঙ্খলার মান সঠিকভাবে প্রদর্শন না করা ।